

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ৬. ২. প্রথম শতাব্দীর ইহুদি পণ্ডিত যোসেফাসের তালিকা

প্রথম খ্রিষ্টীয় শতাব্দীর প্রসিদ্ধতম ইহুদি ঐতিহাসিক যোসেফাস (Flavius Josephus) ১০০ খ্রিষ্টাব্দের দিকে মৃত্যুবরণ করেন। তিনি ইহুদি বাইবেল বা খ্রিষ্টান বাইবেলের পুরাতন নিয়মের পুস্তকের সংখ্যা ২২টা বলে উল্লেখ করেছেন। তিনি বলেন:

"For we have not therefore among us innumerable books... but only two and twenty.... which are justly considered divine compsitions.. of these five are the books of Moses ... the prophets after Moses wrote the events of their day in thirteen books. The remaining four books contain hymns to God, and precepts for the conduct of human life." "আমাদের মধ্যে বিদ্যমান বই অগণিত নয়। আমাদের গ্রন্থাবলির সংখ্যা ২২টা... যেগুলো যথাযথই ঐশ্বরিক গ্রন্থ। তন্মধ্যে ৫টা মোশির। ... পরবর্তী নবীদের লেখা গ্রন্থ ১৩টা। বাকি চারটা গ্রন্থ ঈশ্বরের বন্দনায় গীত সঙ্গীত ও অনুরূপ বিষয়ের সংকলন।[1]

বর্তমানে প্রচলিত ইহুদি বাইবেলের পুস্তক সংখ্যা ২৪টা: মোশির পুস্তক ৫টা, নবীগণের পুস্তক ৮টা এবং 'কিতুবীম' বা লিখনিসমূহ ১১টা। পক্ষান্তরে যোসেফাস বলছেন নবীগণের গ্রন্থ ১৩টা এবং অন্যান্য গ্রন্থ ৪টা। বিষয়টা নিশ্চিত করে যে, যোসেফাসের সময়ে ইহুদিরা যে বাইবেল ব্যবহার করতেন বর্তমান ইহুদি বাইবেল বা খ্রিষ্টান বাইবেল থেকে তার পুস্তক সংখ্যা কম ছিল এবং বিন্যাস ও ভিন্ন ছিল।

বর্তমান ইহুদি বাইবেলে নবীগণের পুস্তক দুভাগে বিভক্ত: পূর্ববর্তী নবীগণ ৪টা: যিহোশূয়, বিচারকর্তৃগণ, শমূয়েল ও রাজাবলি। আর পরবর্তী নবীগণ ৪টা: যিশাইয়, যিরমিয়, যিহিঙ্কেল ও দ্বাদশ। সর্বশেষ পুস্তকের মধ্যে ১২ জন নবীর পুস্তক একত্রিত: হোশেয়, যোয়েল, আমোষ, ওবাদিয়, যোনা, মিখা, নাহূম, হাবাক্কুক, যেফনিয়, হগয়, সখরিয় ও মালাখি। বারজনকে পৃথক ধরলে ইহুদি বাইবেলে নবীগণের পুস্তক সংখ্যা হয় ১৯। ক্যাথলিক বাইবেলে নবীগণের পুস্তক ১৮টা এবং প্রটেস্ট্যান্ট বাইবেলে নবীগণের পুস্তক ১৭টা। কোনো অবস্থাতেই নবীগণের পুস্তক ১৩ হয় না। যোসেফাস 'অন্যান্য পুস্তকের' সংখ্যা ৪ বলেছেন। অথচ আমরা দেখেছি য়ে, বর্তমান ইহুদি বাইবেলের তৃতীয় অংশ (কিতুবীম/ Ketuvim/ The Writings)-এর পুস্তক সংখ্যা ১১টা: গীতসংহিতা, হিতোপদেশ, ইয়োব, পরমগীত,

এভাবে আমরা দেখছি যে, উদ্ভট গোঁজামিল দেওয়া ছাড়া কোনোভাবেই যোসেফাসের সংখ্যার সাথে বর্তমান ইহুদি বা খ্রিষ্টান বাইবেলের সমন্বয় সম্ভব নয়।[2]

রুত, বিলাপ, উপদেশক, ইস্টের, দানিয়েল, ইয়া-নেহেমিয় এবং বংশাবলি।

ফুটনোট



- [1] দেখুন: Eusebius Pamphilus, The Ecclesiastical History, page 97, 244-245.
- [2] উইকিপিডিয়া: Development of the Hebrew Bible canon, Development of the Old Testament canon, Josephus on the Hebrew Bible Canon.

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13863

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন